

## সম্মতি

এই ফরমটিতে আপনার ব্যক্তিগত তথ্যসহ অন্যান্য তথ্য দিয়েছেন। কমনওয়েলথ প্রাইভেসী অ্যাক্টসহ (অন্যান্য) আইন দ্বারা আপনার ব্যক্তিগত তথ্য সুরক্ষিত।

আমরা “ডাটা এক্সচেঞ্জ” (Data Exchange) নামক একটি তথ্য প্রযুক্তি সিস্টেম ব্যবহার করে আপনার তথ্যাবলী সংরক্ষণ করছি। এই সিস্টেমটি অস্ট্রেলিয়ান সরকারের ডিপার্টমেন্ট অব সোশাল সার্ভিসেস (ডিএএস) দ্বারা পরিচালিত। আপনার কেসটি ব্যবস্থাপনার উদ্দেশ্যে ডাটা এক্সচেঞ্জ জমাকৃত আপনার তথ্যাবলী শুধুমাত্র আমাদের কাছে প্রকাশ করা হয়।

আপনার ব্যক্তিগত তথ্য ডিএএস এর সাথে শেয়ার করার অনুমতি দেওয়ার ব্যাপারে কোন বাধ্যবাধকতা নেই। আপনার ব্যক্তিগত তথ্য যদি আমাদের শেয়ার করার অনুমতি না দেন তাতেও আপনি যে সেবা পাচ্ছেন তা পাওয়ার ব্যাপারে কোন সমস্যা তৈরি হবে না। যদি আপনার ব্যক্তিগত তথ্য ডিএএস এর সাথে শেয়ারের অনুমতি দেন, তবে আপনি তা যে কোন সময় প্রত্যাহারের জন্য বলতে পারেন।

আপনাকে সনাক্ত করা যায় এমন তথ্য ডিএএস বাদ দিবে। তার অর্থ হচ্ছে আপনাকে সনাক্ত করা যায় এমন তথ্য তারা অপসারণ করবে অথবা আপনাকে পুনরায় সনাক্ত করার জন্য তা ব্যবহার করা হতে পারে (উদাহরণ: আপনার নাম)।

প্রোগ্রামের লেবেল প্রবনতা সনাক্ত করতে “ডাটা এক্সচেঞ্জ” (Data Exchange) এ আপনার ও অন্যান্যদের সম্পর্কিত তথ্য ডিএএস একত্রিত করে। এই সব তথ্যাবলী কর্মপন্থা উন্নয়ন, অনুদান কর্মসূচী, এবং গবেষণা পরিচালনা ও মূল্যায়ন করতে ব্যবহৃত হয়।

রিপোর্ট তৈরী করতে ডিএএস এই উপাত্ত (Data) ব্যবহার করতে পারে। এই রিপোর্ট অন্যান্য সংগঠনের সাথে বিনিময় করা হতে পারে। এই রিপোর্টে আপনাকে সনাক্ত করা যায় এমন তথ্য বাদ দেওয়া হবে।

ডিএএস কিভাবে আপনার সম্পর্কিত ব্যক্তিগত তথ্যাবলী ব্যবহার করে তা জানতে হলে তাদের ওয়েব সাইট

<https://www.dss.gov.au/privacy-policy> এ গিয়ে ডিএএস প্রাইভেসী পলিসি দেখতে পারেন।

এই কর্মপন্থা ব্যাখ্যা করে:

- ডাটা এক্সচেঞ্জ এ আপনার সম্পর্কিত ব্যক্তিগত উপাত্ত (Data) কিভাবে পাওয়া যাবে
- এই তথ্যগুলো পরিবর্তন বা অপসারণ করার জন্য কিভাবে বলতে পারবেন।
- কোন পরিস্থিতিতে ডিএএস বিদেশী গ্রাহকের কাছে (আপনার সম্পর্কিত) ব্যক্তিগত তথ্যপ্রকাশ করতে পারে।
- ডিএএস যদি অস্ট্রেলিয়ান প্রাইভেসী নীতিমালা ভংগ করে তবে কিভাবে অভিযোগ করবেন, এবং ডিএএস কিভাবে আপনার অভিযোগ মোকাবেলা করবে।

	হ্যাঁ	না
আমি আমার ব্যক্তিগত তথ্য ডাটা এক্সচেঞ্জ এ সংরক্ষণের অনুমতি দিচ্ছি	<input type="checkbox"/>	<input type="checkbox"/>
আমি সম্পূর্ণ গবেষণা, জরিপ অথবা মূল্যায়নে অংশগ্রহণের সম্মতি দিচ্ছি	<input type="checkbox"/>	<input type="checkbox"/>